



স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.০৩.০২৫.১৩.৩০৮

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭

১৯ মে ২০২০

বিষয়: সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা।

সূত্র: ১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর স্মারক নং: ০৫.৪৩.৭০০০.০০৬.০৮.০১৩.২০.৮৪৭ তারিখ: ১২/০৫/২০২০

২। বাংলাদেশ ব্যাংক এর ডিওএস সার্কুলার লেটার নং: ১৬ তারিখ: ৫/০৫/ ২০২০

৩। প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং: ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২০-১৮৮ তারিখ: ২০/০৪/২০২০

উপর্যুক্ত বিষয়ে জানাচ্ছি যে, ৩ নং সূত্রোক্ত স্মারকে আমাকে চাঁপাই নবাবগঞ্জ জেলার কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য ব্যবস্থাপনা ও ত্রাণ কার্যক্রম পরিচালনার কাজ তত্ত্ববধান ও পরিবীক্ষণ এবং জেলার আইন-শৃংখলা পরিস্থিতি পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয় সাধনের দায়িত্ব দেয়া হয়েছে। ১ নং সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত তথ্যনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় অবস্থিত বিভিন্ন ব্যাংক সমূহের মধ্য কিছু ব্যাংক তাদের কার্যক্রম বন্ধ রেখেছে, কিছু ব্যাংক সপ্তাহে দুই দিন, কিছু ব্যাংক সপ্তাহে তিন দিন এবং কিছু ব্যাংক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করছে (সংযুক্তি-১)। সকল ব্যাংকের শাখা বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসরণ না করায় সংশ্লিষ্ট গ্রাহকগণ ভোগান্তিতে পড়ছে এবং কাঙ্ক্ষিত গ্রাহক সেবা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে।

এমতাবস্থায়, চাঁপাইনবাবগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় অবস্থিত সকল ব্যাংকের শাখাকে বাংলাদেশ ব্যাংক ঘোষিত সময়সূচী অনুসরণ করে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার নিমিত্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করছি।

সংযুক্তি: বর্ননামত

১৯-৫-২০২০

রওনক মাহমুদ

সচিব

সিনিয়র সচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.০৩.০২৫.১৩.৩০৮/১(৯)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭

১৯ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক

৪) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়


৫) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৬) অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

৮) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



১৯-৫-২০২০

ড. অমিতাভ চক্রবর্তী

উপসচিব